

নাতিদীর্ঘ ভ্রমণ শেষে

যাপনের যৎপরোনাস্তি ক্লেশ, আত্মহননেচ্ছার প্রখর যৌক্তিকতা, উথিত লিপ্সের নীরব

ব্রন্দন ও বিচিত্র কেশপাশ থেকে বেরিয়ে আসা গন্ধে উৎফুল্ল বাতাসে বিলি কেটে, একটি আমূল ভরা, চুল অন্দি টইটই, না-সফল না ব্যর্থ জীবনের গল্পে ভিতর দিয়ে, মাত্র ৩৫০ মাসের একটি নাতিদীর্ঘ ভ্রমণ শেষ করে, টেবিলে বসেই আমি হাঁপাচ্ছি দাগ

এরই মধ্যে আমি জেনে গেছি, তুলনায় অর্থহীনতা ও অকপটতার সৌন্দর্য বিষয়ে কোনো সংশয় থাকা একদম ঠিক নয়-- জেনে গেছি ভান যত সফিস্টিক্যাটেড আর্তিই হোক তাকে ঘেন্না করা ভালো আর কৈশোরভরে নিজের আচরণে বড়সড় কোনো চেঞ্জ রপ্তকরণ চেষ্টার মতো ভুলকর্ম দ্বিতীয়টি নেই

আমি জেনেছি যে বেশ্যা ও প্রেমিকার মধ্যে এই পার্থক্যটাও গণ্য যে বেশ্যাকে চুমো দেবার কারো চি হয় না --কিন্তু প্রেমিকার ক্ষেত্রে হয়

জেনেছি জগতের সব মন্দির-মসজিদ-গির্জা প্যাগোডা বিলোপ করে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে সাজানো উচিত সেথা ফুলের বাগান যেন কোনো পথিকই অন্তত একবার ফুলের পরশবিহীন না পারে ফিরতে ঘরে

জীবনে যতো হেসেছি কুদেছি তার অধিকাংশকেই আজ খুব স্মীল মনে হচ্ছে, মনে হচ্ছেছিল ছিল না স্ত্রীর সাথে করা অনেকানেক বৈধ সঙ্গমত্রিয়াও

মুজিব মেহদী

